যুগান্তর

তারিখ : 03 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# পরীক্ষা পেছানোর দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

**যুগান্তর ডেস্ক**

জাতীয় বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণাধীন অনার্স ৩য় বর্ষের ফাইনাল পরীক্ষার সময়সূচি পেছানোর দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিরা জানান—

**ভোলা (দক্ষিণ) :** ভোলা সরকারি কলেজের কয়েকশ শিক্ষার্থী শনিবার সকাল ১১টায় ভোলা সরকারি কলেজ সামনে ভোলা-চরফ্যাশন সড়ক অবরোধ করে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা।

**মানিকগঞ্জ :** শনিবার সকাল ১১টা থেকে দুপুর একটা পর্যন্ত মানিকগঞ্জ প্রেস ক্লাবের সামনে শহীদ রফিক সড়কে এ কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে অংশ নেয়া শিক্ষার্থীরা জানায়, কলেজের শিক্ষকরা এ পর্যন্ত সিলেবাসের কোনো বিষয়েই অর্ধেকের পড়াশোনা করাননি। পাশাপাশি ২৯ ডিসেম্বর ছিল ফরম ফিলাপের শেষ দিন। কিন্তু সেশনজট দূর করার নামে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা শুরুর দিন ধার্য করেছে আগামী ২০ জানুয়ারি।

**ময়মনসিংহ ব্যুরো :** শহরে সড়ক অবরোধ ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে আনন্দমোহন সরকারি কলেজের শিক্ষার্থীরা। শনিবার দুপুরে ময়মনসিংহ প্রেস ক্লাবের সামনে ওই কর্মসূচি পালন করা হয়। এর আগে আনন্দ মোহন সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের শতাধিক শিক্ষার্থী ক্যাম্পাস থেকে মিছিল সহকারে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ময়মনসিংহ প্রেস ক্লাবের সামনে আসে এবং সিকে ঘোষ রোড অবরোধ করে।

**যশোর ব্যুরো :** অবিলম্বে রুটিন বাতিল করে কলেজগুলোতে ২১০ দিন ক্লাস নিশ্চিত করে পরীক্ষা গ্রহণের দাবি জানিয়েছে শিক্ষার্থীরা। সম্মান তৃতীয় বর্ষের পরীক্ষার রুটিন বাতিলের দাবিতে শনিবার বেলা ১১টার দিকে প্রেস ক্লাব যশোরের সামনে বিভিন্ন কলেজের সম্মান তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে।